

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৬.২২.১০(১০)

তারিখ : ১০ ফেব্রুয়ারি ২০২২

বিষয় : বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য সড়ক ও নৌপথে মোট ২৩০০ মে.টন বোরো'২১ সিদ্ধ চালের চলাচল সূচি

- সূত্র : ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট এর ০৩/০২/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২৫০.৫০.০০৩.২০.২২২ নং স্মারক  
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রাজাপুর এলএসডি, ঝালকাঠি এর ০৩/০২/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.৪২৮৪.০৫৭.৬৮.০০৪.০৯৭.৩৭ নং স্মারক  
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাভার এলএসডি, সাভার, ঢাকা এর ০৬/০২/২০২২ খ্রি. তারিখের ১৩.০২.২৬৭২.০০১.১৮.০০০.২২.৩৪ নং স্মারক  
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর ২৫/০১/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২২৪.৫০.০০১.২১.৪২৩ নং স্মারক  
৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এর ২৪/০১/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২৩০.৫০.০০১.২০.২৪৫ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলায় চলমান বিভিন্ন খাতে সম্ভাব্য বিলি বিতরণের জন্য বোরো'২১ সিদ্ধ চালের চাহিদা সূত্রস্থ ১ নং স্মারকে এবং ঝালকাঠি জেলার রাজাপুর এলএসডি এবং ঢাকা জেলার সাভার এলএসডিতে ফেব্রুয়ারি'২২ মাসে ভিজিডি, কাবিখাসহ মৎস্য ভিজিএফ খাতে বিলি বিতরণের জন্য বোরো'২১ সিদ্ধ চালের চলাচল সূচি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ ২ নং ও ৩ নং স্মারকে অনুরোধ করা হয়েছে। অপরদিকে রাজশাহী ও খুলনা বিভাগের বিভিন্ন স্থাপনায় হতে পুরাতন চাল সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ ৪ নং ও ৫ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ঢাকা, সিলেট ও বরিশাল বিভাগের কতিপয় এলএসডিতে ফেব্রুয়ারি'২২ মাসে ভিজিডি, কাবিখাসহ মৎস্য ভিজিএফ খাতে বিলি বিতরণের জন্য মোট ২৩০০ মে.টন বোরো'২১ সিদ্ধ চাল বর্তমান মজুত, সাশ্রয়ী রুট বিবেচনায় চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালন শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

সড়ক পথে বোরো'২১ সিদ্ধ চালের চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	বগুড়া	সান্তাহার সিএসডি	ঢাকা	সাভার এলএসডি	২৫০	বোরো'২১ সিদ্ধ চাল	সড়ক পথ	চসসা বিভাগ উপসূচি জারি করবেন
২.	ঐ	সান্তাহার ওয়ারহাউজ	ঐ	ঐ	২৫০	ঐ	ঐ	
৩.	ঐ	সান্তাহার সিএসডি	মৌলভীবাজার	মৌলভীবাজার এলএসডি	৫০০	ঐ	ঐ	
৪.	ঐ	সান্তাহার ওয়ারহাউজ	ঐ	ভানুগাছ এলএসডি	১০০	ঐ	ঐ	
৫.	ঐ	ঐ	ঐ	শমসেরনগর এলএসডি	১৫০	ঐ	ঐ	
৬.	ঐ	ঐ	ঐ	কুলাউড়া এলএসডি	২০০	ঐ	ঐ	
৭.	ঐ	ঐ	ঐ	বড়লেখা এলএসডি	৫০	ঐ	ঐ	
৮.	পাবনা	মুলাডুলি সিএসডি	ঐ	ঐ	৩০০	ঐ	ঐ	
৯.	ঐ	ঐ	ঐ	জুড়ী এলএসডি	২০০	ঐ	ঐ	
				মোট =	২০০০			

**মহেশ্বরপাশা সিএসডি হতে নৌপথে বোরো'২১ সিদ্ধ চালের চলাচলসূচিঃ**

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	খুলনা	মহেশ্বরপাশা সিএসডি	ঝালকাঠি	রাজাপুর এলএসডি	৩০০	বোরো'২১ সিদ্ধ চাল	নৌপথ	চসনি, খুলনা উপসূচি জারি করবেন
				মোট =	৩০০			
				সর্বমোট =	২৩০০			

**নির্দেশনাসমূহ :**

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে;

২। ‘খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা’ সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং ‘এলএসডি’র/সিএসডি’র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা’ বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং ও ২৯/১১/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে; এছাড়া আমন’২১-২২ চাল সরানোর প্রস্তাব প্রেরণ সম্পর্কিত জরুরি নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো;

৩। সূচির আওতায় প্রেরিতব্য খাদ্যশস্যের বস্তায় প্রযোজ্য ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩ (গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে নির্দেশনা অনুযায়ী সাইলো/ওয়্যারহাউজ বা এলএসডি/সিএসডিতে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহকৃত খাদ্যশস্যের বস্তার অপর পৃষ্ঠে ডিজিটাল প্রিন্ট স্টেম্পিলের স্পষ্ট ছাপ প্রদান নিশ্চিত করতে হবে; স্টেম্পিলবিহীন খাদ্যশস্য পরিবহণ করতে ঠিকাদারগণ বাধ্য নহেন;

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৫। চলাচল সূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্ট মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহনকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেথানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাত্ক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৭। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেথানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথথাতে প্রদর্শন করা যাবে না; ভি-ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স/দাপ্তরিক ই-মেইল যোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;



১১। সূচির মেয়াদ আগামী ২৮/০২/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;


১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোঝাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপসূচি জারি করা হবে;

১৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক আখানি/জেখানি/চসনি প্রযোজ্য ক্ষেত্রে সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে;

এতে যথাযথ কর্তৃপক্ষ এর অনুমোদন রয়েছে।

- প্রাপকঃ ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী/খুলনা  
২। সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো  
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া/পাবনা/খুলনা  
৪। ব্যবস্থাপক, সান্তাহার/মুলাডুলি/মহেশ্বরপাশা সিএসডি  
৫। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা

স্মারক নম্বর-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৬.২২-১০(১০)/২০


  
(মোঃ ফজলে রাশী হায়দার)  
উপ-পরিচালক

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক  
২০.০২.২০২২

তারিখঃ ১০ ফেব্রুয়ারি ২০২২

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা  
২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা  
৩। পরিচালক, সববি/হিসাব ও অর্থ/সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা  
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/সিলেট/বরিশাল  
৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)  
৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, .....  
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা.....এলএসডি  
✓ ৮। অফিস কপি

  
উপ-পরিচালক (চপরেস)  
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ  
২০.০২.২০২২